

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৭৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৩. দিতীয় অনুচ্ছেদ - জুমু'আর সালাত ফরয

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ عَنِ النَّبِيِّ صلى الله عَلَيْهِ وَسلم: «الْجُمُعَةُ عَلَى مَنْ سَمِعَ النِّدَاءَ» . رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

১৩৭৫-[৬] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি জুমু'আর আযান শুনতে পাবে, তার ওপর জুমু'আর সালাত (সালাত/নামায/নামাজ) ফর্য হয়ে যায়। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান : আবূ দাউদ ১০৫৬, ইরওয়া ৫৯৩, সহীহ আল জামি' ৩১১২, দারাকুত্বনী ১৫৯০, সুনানুল কুবরা লিল বায়হাকী ৫৫৮১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: যারা আযান শুনবে তাদের প্রত্যেকের ওপর জুমু'আহ্ আবশ্যক। দারাকুত্বনী বর্ণনা করেছেন ও বায়হাকীর সূত্রে রয়েছে, 'যে জুমু'আহ্ আযান শুনে তার উপরই আবশ্যক।' আল্লামা শাওকানী (রহঃ) বলেছেন যে, এ হাদীসের বাহ্যিক দৃষ্টিকোণ থেকে প্রমাণিত হয় যে, যারা আযান শুনতে পারে না তাদের ওপর জুমু'আহ্ ওয়াজিব নয়, চাই জুমু'আহ্ সংঘটিত হওয়ার শহরেই থাকুক কিংবা বাইরে থাকুক না কেন এবং আল্লামা 'ইরাকী (রহঃ) শারহু আত্ তিরমিয়ীতে ইমাম শাফি'ঈ, মালিক ও আহমাদ ইবনু হাম্বল (রহঃ) থেকে বর্ণনা করেন যে, নিশ্চয় তাঁরা (ইমামত্রয়) বলেছেন যে, আযান না শুনলেও শহরবাসীর ওপর জুমু'আহ্ ওয়াজিব। তবে জুমু'আহ্ সংঘটিত হওয়ার শহর থেকে যারা বাইরে অবস্থান করছেন তাদের ব্যাপারে বিদ্বানদের মাঝে মতপার্থক্য রয়েছে। (এখান থেকে বুঝা যায় যে, যেখানে জুমু'আহ্ সংঘটিত হয় উক্ত স্থানই শহর)।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন